

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২১১০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই হাদীসের ব্যাপক অর্থবোধক শব্দকে যারা বিপরীত ব্যাখ্যা করে তার বর্ণনা

ذِكْرُ خَبَرٍ تَأَوَّلَهُ بَعْضُ النَّاسِ بِمَا يَنْطِقُ عُمُومُ الْخَبَرِ بِضِدِّهِ

আরবী

2110 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ مَوْهَبٍ قَالَ: حَدَّثَنِي اللَّهِ عُنِ ابْنِ شِهَابٍ عَنْ أَنسِ بْنِ مَالِكِ قَالَ: خَرَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ فَرسٍ فَجُحِشَ فَصَلَّى لَنَا قَاعِدًا فَصَلَّيْنَا مَعَهُ قُعُودًا ثُمَّ انْصَرَفَ فَقَالَ: (إِنَّمَا وَسَلَّمَ عَنْ فَرسٍ فَجُحِشَ فَصَلَّى لَنَا قَاعِدًا فَصِلَاَيْنَا مَعَهُ قُعُودًا ثُمَّ انْصَرَفَ فَقَالَ: (إِنَّمَا الْإِمَامُ لِيُؤْتَمَّ بِهِ فَإِذَا كَبَّرُ فَكَبِّرُوا وَإِذَا رَكَعَ فَارْكَعُوا وَإِذَا رَفَعَ فَارْفَعُوا وَإِذَا قَالَ: سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ فَقُولُوا: رَبَّنَا وَلَكَ الْحَمْدُ وَإِذَا سَجَدَ فَاسْجُدُوا وَإِذَا صلى قاعداً فصلوا قعوداً أَجمعون)

الراوي: أنس ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2110 | خلاصة حكم المحدث: صحيح _ ((الإرواء)) (2/ الصفحة أو الرقم: 2110 | خلاصة حكم المحدث: صحيح _ ((الإرواء)) (2/ 118/394) , ((صحيح أبي داود)) (614)

قَالَ أَبُو حَاتِمٍ - رَضِيَ اللَّهُ عَنْهُ -: زَعَمَ بَعْضُ الْعِرَاقِيِّينَ مِمَّنْ كَانَ يَنْتَحِلُ مَذْهَبَ الْكُوفِيِّينَ أَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (وَإِذَا صَلَّى قَاعِدًا فَصَلُّوا قُعُودًا) أَرَادَ بِهِ وَإِذَا تَشَهَّدُ قَاعِدًا فَتَشَهَّدُوا قُعُودًا أَجْمَعُونَ فحرَّف الْخَبَرَ عَنْ عُمُومٍ مَا وَرَدَ الْخَبَرُ فِيهِ بِغَيْرِ دَلِيلِ يَتْبُتُ لَهُ عَلَى تَأْوِيلِهِ.

বাংলা

২১১০. আনাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার ঘোড়া থেকে পড়ে যান ফলে তিনি আঘাতপ্রাপ্ত হন। অতঃপর এক সালাতের সময় হলে তিনি আমাদের নিয়ে বসে সালাত আদায় করেন। যখন তিনি সালাত শেষ করলেন, তখন বলেন, "নিশ্চয়ই ইমাম নির্ধারণ করা হয়, তার



অনুসরণ করার জন্য। কাজেই যখন তিনি তাকবীর দিবেন, তখন তোমরাও তাকবীর দিবে, যখন রুকু করবেন, তখন তোমরাও রুকু করবে, যখন তিনি (রুকু থেকে মাথা) উত্তোলন করবেন, তখন তোমরাও মাথা উত্তোলন করবে, যখন তিনি سَمَعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ (আল্লাহ শ্রবণ করেন, যে তাঁর প্রশংসা করে) বলবেন, তখন তোমরা বলবে رُبُنًا وَلَكَ الْحَمْدُ (হে আমাদের প্রভু, আর আপনার জন্যই সমস্ত প্রশংসা) আর যখন তিনি বসে সালাত আদায় করবেন, তখন তোমরাও সবাই বসে সালাত আদায় করবেন, তখন তোমরাও সবাই বসে সালাত আদায় করবে।"[1]

আবৃ হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন, "কিছু ইরাকবাসী, যারা নিজেদের কুফাবাসীদের মাযহাবের (হানাফী মাযহাবের) দাবী করেন, তারা মনে করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য "আর যখন তিনি বসে সালাত আদায় করবেন, তখন তোমরাও সবাই বসে সালাত আদায় করবে" এর দ্বারা উদ্দেশ্য হলো "যখন ইমাম বসে তাশাহহুদ পড়বে, তখন তোমরাও সবাই বসে তাশাহহুদ পড়বে!" এভাবে তারা তাদের ব্যাখ্যাকে সমর্থন করে কোন রকম দলীল ছাড়া হাদীসের ব্যাপক অর্থকে বিকৃত করেছে!"

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৩২৫; সহীহ মুসলিম: ৪১১; হুমাইদী: ১১৮৯; মুসনাদ আহমাদ: ৩/১১০; সহীহ আল বুখারী: ৮০৫; নাসাঈ: ২/১৯৫-১৯৬; ইবনু মাজাহ: ১২৩৮; আবূ আওয়ানা: ২/১০৫; ইবনুল জারূদ: ২২৯; সুনান বাইহাকী: ৩/৭৮; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪০৭৮; তাহাবী, শার্হু মা'আনিল আসার: ১/৪০৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৬১৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন